বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯
ফোনঃ ০২-৮৯০০৩৫৮
E-mail: rebdpa@gmail.com

নম্বর-২৭.১২.০০০০.০২৫.১৯.৪৯৭(১).২০- ৯৬৭

তারিখঃ ১৮ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ। / ০২ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ।

## সার্কুলার

**বিষয়ঃ বিদ্যুতের অপচয় রোধ এবং বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য ২০২২-২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের ব্যয় সাশ্রয়/হ্রাসকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৬; তারিখঃ ২১ জুলাই, ২০২২ খ্রিঃ।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যুতের অপচয় রোধ ও বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় ব্যয় সাশ্রয়/হ্রাস করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সরকারি আদেশের সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সকল দপ্তর/পরিদপ্তর/কার্যালয়/প্রকল্প অফিস এবং ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

(ক) বাপবিবো'র ব্যয়ে কৃচ্ছ্র সাধন এবং বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে ২০২২-২৩ অর্থবছরে বাপবিবো'র পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে বাপবিবো ও বাপবিবো'র আওতাধীন সকল পবিস এ নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের অনুরোধ করা হলো:

- (i) পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট, গ্যাস এবং জ্বালানি খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা;
- (ii) বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের ২৫% সাশ্রয় করা;
- (iii) বর্ণিত খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃউপযোজন না করা;

(খ) অফিস কক্ষে সূর্যের আলো প্রবেশের ব্যবস্থা করা এবং যথাসম্ভব বৈদ্যুতিক বাতি ব্যবহার না করে সূর্যের আলোর ব্যবহার নিশ্চিত করা;

(গ) সকাল ৯:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত এবং বিকাল ৪:০০ ঘটিকা থেকে আবশ্যিকভাবে সকল ধরনের এসি বন্ধ রাখা। এসির তাপমাত্রা ২৫° সেলসিয়াস এর উপরে রাখা। সকাল ১১:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত সময়কালে বিশেষ ক্ষেত্রে এসি ব্যবহার করা অত্যাবশ্যক হলে কিছুক্ষণ এসি ব্যবহারের পর কিছুক্ষণ বন্ধ রেখে রোটেশন করে ন্যূনতম পর্যায়ে এসি ব্যবহার করা যেতে পারে।

(ঘ) অফিস কক্ষ থেকে বের হওয়ার সময় নিজ দায়িত্বে আবশ্যিকভাবে বৈদ্যুতিক বাতি/ফ্যান/এসি-সহ সকল ইলেক্ট্রিক ডিভাইস বন্ধ করা এবং বারান্দা/করিডোরে সর্বনিম্ন সংখ্যক বাতির ব্যবহার নিশ্চিত করা। অফিস কক্ষে একাধিক বাতি থাকলে প্রয়োজনীয় সংখ্যক বাতি চালু রেখে অবশিষ্ট বাতি বন্ধ রাখা। এছাড়া ওয়াশরুম ব্যবহারের পর নিজ দায়িত্বে বাতি/এগজস্ট ফ্যান বন্ধ করা;

(ঙ) দপ্তরে ওভেন/বৈদ্যুতিক হিটার সম্পূর্ণভাবে ব্যবহার না করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

(চ) বাপবিবো/সমিতির মসজিদ/উপাসনালয়ে প্রার্থনার সময় ছাড়া বৈদ্যুতিক বাতি/ফ্যান/এসি না চালানো এবং নামাজ/প্রার্থনা শেষে অবশ্যিকভাবে যাবতীয় বৈদ্যুতিক সুইচ বন্ধ রাখার বিষয়টি নিশ্চিত করা;

(ছ) সরকার নির্ধারিত সময়ে অফিসের সকল কাজ সম্পন্ন করা;

(জ) ব্যক্তিগত গাড়ী ব্যবহারের রিকুইজিশন আপাতত বন্ধ রেখে (চিকিৎসা সেবা ব্যতীত) দাপ্তরিক কাজে যানবাহন রিকুইজিশন সীমিত করা;

(ঝ) বর্ণিত নির্দেশিকা প্রতিপালনের জন্য বাপবিবো'র সদর দপ্তর ভবন/এক্সিকিউটিভ ভবন/প্রশিক্ষণ একাডেমি ভবনের জন্য নিম্নোক্তভাবে তদারকি টিম গঠন করা হলো:

- (i) পরিচালক, কর্মচারী প্রশাসন পরিদপ্তর, বাপবিবো, ঢাকা - আহবায়ক
- (ii) উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর বাপবিবো, ঢাকা। - সদস্য
- (iii) নির্বাহী প্রকৌশলী (পূর্ত ও রক্ষণাবেক্ষণ), বাপবিবো, ঢাকা। - সদস্য

* তদারকি কমিটি সপ্তাহের প্রতি বৃহস্পতিবার সদস্য (প্রশাসন) মহোদয়ের নিকট প্রতিবেদন দাখিল করবেন।

(ঞ) ঢাকার বাহিরে অবস্থিত বাপবিবোর্ডের অফিস/কার্যালয়ের প্রধানগণ একইভাবে তদারকি টিম গঠন করবেন ও নিয়মিত তাৎক্ষনিক পরিদর্শন করবেন এবং প্রতি বৃহস্পতিবার সদস্য (প্রশাসন) মহোদয়ের নিকট ই-মেইলে প্রতিবেদন প্রেরণ করবেন;

(ট) ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর/জোনাল অফিস/সাব-জোনাল অফিস/আওতাধীন অন্যান্য অফিসের জন্য তদারকি টিম গঠনের নিমিত্ত সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রতি বৃহস্পতিবার সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মহোদয়ের নিকট প্রতিবেদন প্রেরণ করবেন। বিষয়টি সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মহোদয় নিশ্চিত করবেন;

(ঠ) এছাড়াও সরকার কর্তৃক সময় সময়ে জারীকৃত নির্দেশনা প্রতিপালন করা;

**[বাপবিবোর্ডের সকল দপ্তর/পরিদপ্তর/কার্যালয়/প্রকল্প অফিসসহ ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতিতে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীকে এক্ষেত্রে আরো নতুন নতুন উদ্ভাবনী ধারণা প্রয়োগ করে বিদ্যুৎ/জ্বালানি সাশ্রয়ে ইতিবাচক উদাহরণ সৃষ্টির জন্য বিনীত অনুরোধ করা হলো।]**

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে;

02/8/2022

(মোঃ আসাফউদ্দৌলা)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর।

**সদয় অবগতির জন্য:**

১। মাননীয় উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
২। মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
৩। সচিব, বিদ্যুৎ, বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ), বাপবিবো, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন/পরিচালন, রক্ষণাবেক্ষণ ও বিতরণ), বাপবিবো, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)/শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)/প্রকল্প পরিচালক এর দপ্তর, সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ প্রকল্প/বাপবিবো'র বিদ্যমান ৩৩/১১ কেভি পোল মাউন্টেড উপকেন্দ্রের নবায়ন ও আধুনিকায়ন (পর্যায়-১) প্রকল্প, বাপবিবো, ঢাকা।
৬। সচিব, বাপবিবো, ঢাকা।
৭। পরিচালক, কর্মচারী প্রশাসন/হিসাব/প্রশিক্ষণ/অর্থ/পবিস ঋণ ও বাজেট/সংগ্রহ/সিএসএন্ডএম/এসইএন্ডডি/এমপিএসএস/তদন্ত ও শৃঙ্খলা/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয়াঞ্চল/উত্তরাঞ্চল/দক্ষিণাঞ্চল/পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল)/কার্যক্রম পরিকল্পনা/ইন্সপেকশন ও টেস্টিং/অভ্যন্তরীণ নিরীক্ষা/জনসংযোগ/নবায়নযোগ্য জ্বালানী/পবিস মানব সম্পদ/পবিস তদন্ত ও অনুসন্ধান/লিগ্যাল অ্যাফেয়ার্স/সম্পত্তি ও লজিস্টিক/পবিস নিরীক্ষা/আর্থিক মনিটরিং (উত্তরাঞ্চল/দক্ষিণাঞ্চল)/সিস্টেম অপারেশন পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর/দক্ষিণ)/ময়মনসিংহ জোন/রাজশাহী জোন/বগুড়া জোন/রংপুর জোন/যশোর জোন/ফরিদপুর জোন/বরিশাল জোন/সিলেট জোন/কুমিল্লা জোন/চট্টগ্রাম জোন/গ্রীড ও উপকেন্দ্র/এনার্জি অডিট এন্ড ট্যারিফ/পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা/জিআইএস/গবেষণা ও উন্নয়ন/জেনারেশন, বাপবিবো, ঢাকা।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। ⟶ **বাপবিবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহকারে।**
১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
১১। সকল নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো।
১২। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
১৩। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন), বাপবিবো, ঢাকা।
১৪। অফিস কপি।

Shahadat
০২/০৮/২২
(শাহাদাত হোসেন)
সহকারী পরিচালক (কর্ম)